

ওয়ার্ড সভার কার্যবিবরণী

৮ নং ওয়ার্ড উন্মুক্ত সভা

তারিখ: ২১/০১/২০২৪, সময়: বিকাল: ০৪.০০ টা

স্থান: কামারখালী উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণ।

সভাপতি	: জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলা
	সদস্য, ৮ নং ওয়ার্ড, কামারখালী ইউনিয়ন পরিষদ।
উপদেষ্টা	: জনাব মোছা: আছমা বেগম
	সংরক্ষিত আসনের মহিলা সদস্য ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ।
সভার তারিখ	: ২১/০১/২০২৪ খ্রি:
সময়	: বিকাল ০৪.০০ ঘটিকা

সভায় উপস্থিতির হাজিরা পরিশিষ্ট- 'ক' ও 'খ'

অদ্য জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলা, সদস্য ৮ নং ওয়ার্ড, ১নং কামারখালী ইউপি, মধুখালী, ফরিদপুর এর সভাপতিত্বে সভার কার্য শুরু হইল। সভার প্রধান অতিথি হিসাবে উপস্থিত আছেন কামারখালী ইউনিয়নের সনামধন্য চেয়ারম্যান জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী এবং ওয়ার্ডের বিভিন্ন পেশার নারী ও পুরুষ। সকলকে আমার পক্ষ থেকে আন্তরিক মোবারকবাদ। আজ এই সভা কেন ডাকা হইয়েছে? তাহা হয়তোবা কেহ অবগত আছেন, কেহ নাই। মিটিং এর উদ্দেশ্যে হইল এলাকার সার্বিক উন্নয়ন করা। আজ আমাদের মাঝে আমাদের চেয়ারম্যান মহোদয়কে পেয়েছি। তাঁর কাছ থেকে আমাদের অনেক চাওয়া পাওয়ার আছে। চেয়ারম্যান মহোদয়কে বক্তব্য দেওয়ার জন্য অনুরোধ করা হইল। বক্তব্যের শুরুতেই ধৈর্য ধরে মিটিং এ উপস্থিত থাকার জন্য ধন্যবাদ দিয়া বক্তব্য শুরু করেন। তিনি বলেন আজ আমরা এখানে সমবেত হয়েছি ওয়ার্ডে সার্বিক উন্নয়নের লক্ষ্যে। আপনারা আপনাদের এলাকার উন্নয়নমূলক চাহিদার কথা বলবেন। ইউপি উন্নয়ন তহবিল কাবিখা/কাবিটা, টিআর, ADP-এর মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন ও ভৌত খাতে উন্নয়ন। সকলকে খোলামেলা কথা বলার সুযোগ দেওয়া হইল। উপস্থিত জনগণের মধ্যে হইতে চৌধুরী জাকির হোসেন, মোঃ লিয়াকত শেখ এবং ইউপি সদস্য মোছা: আছমা বেগম সবার সমস্যার কথা তুলে ধরেন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রাধিকার এর ভিত্তিতে নিম্নলিখিত স্কীমের তালিকা প্রণয়ন করা হইল।

ক্র: নং	প্রকল্পের নাম	খাতের নাম	সম্ভাব্য ব্যয়	বাস্তবায়নকাল	মন্তব্য
০১	কামারখালী উচ্চ বিদ্যালয়ের গেট থেকে মসজিদ পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ	যোগাযোগ	২,০০,০০০.০০	২০২৩-২৪	
০২	মছলন্দপুর বিশ্বাসপাড়া পানি নিষ্কাশনের ড্রেন নির্মাণ	কৃষি	১,০০,০০০.০০	২০২৩-২৪	
০৩	মছলন্দপুর হোসেন বিশ্বাসের বাড়ী হইতে গোরস্থান অভিমুখে ইটের সোলিং	যোগাযোগ	১,০০,০০০.০০	২০২৩-২৪	
০৪	কামারখালী উচ্চ বিদ্যালয়ের তোতার বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ।	যোগাযোগ	১,০০,০০০.০০	২০২৩-২৪	
০৫	মছলন্দপুর মুরাদের বাড়ী হইতে অদুদ মুক্তিযোদ্ধার বাড়ী পর্যন্ত রাস্তার ফ্ল্যাট সোলিং	যোগাযোগ	১,০০,০০০.০০	২০২৩-২৪	
০৬	মছলন্দপুর পশ্চিমপাড়া রফিকের বাড়ী থেকে শহিদের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ।	যোগাযোগ	১,০০,০০০.০০	২০২৩-২৪	

২। সিদ্ধান্ত: প্রাপ্ত স্কীম/প্রকল্প সমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপরোক্ত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য নিম্নলিখিতভাবে ওয়ার্ড কমিটি ও স্কীম সুপারভিশন কমিটি গঠন করা হইল।

০৮ নং ওয়ার্ড কমিটি (WC)

০১	জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলা	ইউপি সদস্য	আহ্বায়ক	
০২	জনাব মোছাঃ আছমা বেগম	ইউপি সদস্য	সদস্য সচিব	
০৩	জনাব মোছাঃ সালমা আক্তার	শিক্ষক	সদস্য	
০৪	জনাব মোঃ মিজানুর রহমান	গণ্যমান্য ব্যক্তি	ঐ	
০৫	জনাব মোছাঃ নাসরিন জামান	গণ্যমান্য ব্যক্তি	ঐ	
০৬	জনাব মোঃ হাকিম মোল্যা	সুশীল সমাজের প্রতিনিধি	ঐ	
০৭	জনাব মোঃ চেনিরউদ্দিন মোল্যা	বীর মুক্তিযোদ্ধা	ঐ	

স্কীম সুপারভিশন কমিটি (SSC)

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী	মন্তব্য
০১	জনাব মোঃ আকিদুল শেখ	গণ্যমান্য ব্যক্তি	সভাপতি	
০২	জনাব দুলাল কুমার মিত্র	শিক্ষক	সদস্য সচিব	
০৩	জনাব মোসলেম মৃধা	গণ্যমান্য ব্যক্তি	সদস্য	
০৪	জনাব সাজেদা খাতুন	গণ্যমান্য ব্যক্তি	ঐ	
০৫	জনাব মোছাঃ আছমা আক্তার	সমাজকর্মী	ঐ	
০৬	জনাব মোঃ এলেম শেখ	ইমাম	ঐ	
০৭	জনাব সুশান্ত কুমার দে	SAE	ঐ	

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ দিয়া সভার কার্য শেষ করেন।

সভাপতি

//স্বাক্ষরিত//

২১/০১/২০২৪

(মোঃ সাজেদুল ইসলাম দুলা)

আহ্বায়ক

ও

সদস্য, ৮ নং ওয়ার্ড

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

বিতরণ:

১। জেলা প্রশাসক, ফরিদপুর।

২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।

৩। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।

৪। চেয়ারম্যান, কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর (স্কীম বা প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৫। জনাব.....।

৬। সংরক্ষণ কপি।



GGJW+G7R, Kamarkhali, Bangladesh

Kamarkhali
Dhaka Division
Bangladesh

2024-01-21(Sun) 05:10(PM)

23°C
73°F